# পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২০ তম সভার কার্যবিবরণী

গত ৩০-৩১ অক্টোবর ২০২৪ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির আহবায়ক ও পরিবেশ অধিদপ্তরের পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মাসুদ ইকবাল মোঃ শামীম এর সভাপতিত্বে অধিদপ্তরের সভাকক্ষে পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ৫২০ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচি অনুযায়ী কমিটির সদস্যসচিব পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তর, বিভিন্ন বিভাগীয়/অঞ্চল, মহানগর ও জেলা কার্যালয় হতে প্রাপ্ত লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পসমূহের ছাড়পত্র বিষয়ক প্রস্তাবনা/ নথিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

## (ক) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **গণস্বাস্থ্য নগর হাসপাতাল, বাড়ি নং- ১৪/ই, রোড নং- ০৬, ধানমন্ডি, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য হাসপাতালের অনুকূলে ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ২৫০ (দুইশত পঞ্চাশ) শয্যাবিশিষ্ট হাসপাতাল পরিচালনার জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের জায়গা সম্প্রসারণ, শয্যা সংখ্যা বৃদ্ধি বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) হাসপাতালে সৃষ্ট বর্জ্য উৎসে আলাদাভাবে Colour coded এবং লেবেলযুক্ত বিন/পুরু ছিদ্রবিহীন ব্যাগে চিকিৎসা বর্জ্য সংগ্রহ করতে হবে।

গ) বর্জ্য সংগ্রহপাত্রের ২/৩ ভাগপূর্ণ হলে তা Collection করতে হবে।

ঘ) বর্জ্য হস্তান্তরকারীকে অবশ্যই Heavy duty gloves, face mask, boot এবং apron পরিধান করতে হবে।

ঙ) সৃষ্ট বর্জ্য একটি নিরাপদ তালাবদ্ধ জায়গায় সংরক্ষণ করতে হবে। তবে তা কোনো অবস্থায় ২৪ ঘন্টার বেশি সময় সংরক্ষণ করা যাবেনা।

চ) ধারালো বর্জ্য সাথে সাথে স্রেড করে কংক্রিটের পিট পদ্ধতিতে বিনষ্ট করতে হবে।

ছ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে হাসপাতালের তরল চিকিৎসা বর্জ্য ও পয়বর্জ্য পরিশোধনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত নকশা অনুসারে ৮৪ ঘনমিটার/দৈনিক ক্ষমতাসম্পন্ন STP নির্মাণ করতে হবে এবং তা কার্যকর করতে হবে।

জ) হাসপাতালটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার STP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) হাসপাতালের চিকিৎসা বর্জ্য পরিশোধন ও পরিত্যাজনের জন্য প্রিজম এর নিকট হস্তান্তর করতে হবে।

ঞ) হাসপাতালের কার্যক্রম পরিচালনার কারণে হাসপাতাল সম্মুখস্থ রাস্তায় যানজটের সৃষ্টি না হয় সে জন্য নিজস্ব লোকবল দ্বারা যানজট নিরসনের কার্যকরী কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু রাখতে হবে।

ট) হাসপাতাল ভবনের চারদিকে উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।

ঠ) হাসপাতালে Radioactive পদার্থ ব্যবহার এবং এর থেকে সৃষ্ট Radioactive বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পারমানবিক নিরাপত্তা ও বিকিরণ নিরাপত্তা বিধিমালা, ২০১২-এর আওতায় প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ব্যতিত কোনো ধরনের এক্সরে কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) হাসপাতালের শব্দ এবং বায়বীয়/তরল বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬, বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ণ) প্রতিষ্ঠানটির চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী থাকতে হবে এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত হতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **বিক্রমপুর ভূইয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল, দামলা, শ্রীনগর, মুন্সীগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ২৫০ শয্যাবিশিষ্ট মেডিকেল কলেজ ও হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য হাসপাতালের অনুকূলে মুন্সীগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ২৫০ (দুইশত পঞ্চাশ) শয্যাবিশিষ্ট হাসপাতাল পরিচালনার জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের জায়গা সম্প্রসারণ, শয্যা সংখ্যা বৃদ্ধি বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) হাসপাতালে সৃষ্ট বর্জ্য উৎসে আলাদাভাবে Colour coded এবং লেবেলযুক্ত বিন/পুরু ছিদ্রবিহীন ব্যাগে চিকিৎসা বর্জ্য সংগ্রহ করতে হবে।

গ) বর্জ্য সংগ্রহপাত্রের ২/৩ ভাগ পূর্ণ হলে তা Collection করতে হবে।

ঘ) বর্জ্য হস্তান্তরকারীকে অবশ্যই Heavy duty gloves, face mask, boot এবং apron পরিধান করতে হবে।

ঙ) সৃষ্ট বর্জ্য একটি নিরাপদ তালাবদ্ধ জায়গায় সংরক্ষণ করতে হবে। তবে তা কোনো অবস্থায় ২৪ ঘন্টার বেশি সময় সংরক্ষণ করা যাবেনা।

চ) ধারালো বর্জ্য সাথে সাথে স্রেড করে কংক্রিটের পিট পদ্ধতিতে বিনষ্ট করতে হবে।

ছ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে হাসপাতালের তরল চিকিৎসা বর্জ্য ও পয়বর্জ্য পরিশোধনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত নকশা অনুসারে ৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন STP নির্মাণ করতে হবে এবং তা কার্যকর করতে হবে।

জ) হাসপাতালটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার STP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) সংক্রামক/জীবাণুযুক্ত কঠিন বর্জ্য ইউনিয়ন পরিষদকে হস্তান্তরের পূর্বে বাষ্প অটোক্লেভিং এর মাধ্যমে পরিশোধন করতে হবে অথবা মাইক্রোওয়েভ ট্রিটমেন্ট এর ব্যবস্থা করতে হবে। হাসপাতালের চিকিৎসা বর্জ্য Biomedical Waste incinerator ব্যতীত ধাতব, কংক্রিট বা মাটি দিয়ে নির্মিত সাধারণ চুলায় পুড়ানো যাবে না।

ঞ) হাসপাতালের কার্যক্রম পরিচালনার কারণে হাসপাতাল সম্মুখস্থ রাস্তায় যানজটের সৃষ্টি না হয় সে জন্য নিজস্ব লোকবল দ্বারা যানজট নিরসনের কার্যকরী কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু রাখতে হবে।

ট) হাসপাতাল ভবনের চারদিকে উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।

ঠ) হাসপাতালে Radioactive পদার্থ ব্যবহার এবং এর থেকে সৃষ্ট Radioactive বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পারমানবিক নিরাপত্তা ও বিকিরণ নিরাপত্তা বিধিমালা, ২০১২-এর আওতায় প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ব্যতিত কোনো ধরনের এক্সরে কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) হাসপাতালের শব্দ এবং বায়বীয়/তরল বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬, বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ণ) প্রতিষ্ঠানটির চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী থাকতে হবে এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত হতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **নেক্সাস কার্ডিয়াক হসপিটাল এন্ড রিসার্চ লিঃ; ২৯, সেহড়া (ঢাকা রোড), সদর, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য হাসপাতালের অনুকূলে ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ১০০ (একশত) শয্যাবিশিষ্ট হাসপাতাল পরিচালনার জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের জায়গা সম্প্রসারণ, শয্যা সংখ্যা বৃদ্ধি বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) হাসপাতালে সৃষ্ট বর্জ্য উৎসে আলাদাভাবে Colour coded এবং লেবেলযুক্ত বিন/পুরু ছিদ্রবিহীন ব্যাগে চিকিৎসা বর্জ্য সংগ্রহ করতে হবে।

গ) বর্জ্য সংগ্রহপাত্রের ২/৩ ভাগ পূর্ণ হলে তা Collection করতে হবে।

ঘ) বর্জ্য হস্তান্তরকারীকে অবশ্যই Heavy duty gloves, face mask, boot এবং apron পরিধান করতে হবে।

ঙ) সৃষ্ট বর্জ্য একটি নিরাপদ তালাবদ্ধ জায়গায় সংরক্ষণ করতে হবে। তবে তা কোনো অবস্থায় ২৪ ঘন্টার বেশি সময় সংরক্ষণ করা যাবেনা।

চ) ধারালো বর্জ্য সাথে সাথে স্রেড করে কংক্রিটের পিট পদ্ধতিতে বিনষ্ট করতে হবে।

ছ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে হাসপাতালের তরল চিকিৎসা বর্জ্য ও পয়বর্জ্য পরিশোধনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত নকশা অনুসারে ২ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন STP নির্মাণ করতে হবে এবং তা কার্যকর করতে হবে।

জ) হাসপাতালটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার STP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) সংক্রামক/জীবাণুযুক্ত বর্জ্য বাষ্প অটোক্লেভিং এর মাধ্যমে পরিশোধন করতে হবে অথবা মাইক্রোওয়েভ ট্রিটমেন্ট এর ব্যবস্থা করতে হবে। হাসপাতালের চিকিৎসা বর্জ্য Biomedical Waste incinerator ব্যতীত ধাতব, কংক্রিট বা মাটি দিয়ে নির্মিত সাধারণ চুলায় পুড়ানো যাবে না।

ঞ) হাসপাতালের কার্যক্রম পরিচালনার কারণে হাসপাতাল সম্মুখস্থ রাস্তায় যানজটের সৃষ্টি না হয় সে জন্য নিজস্ব লোকবল দ্বারা যানজট নিরসনের কার্যকরী কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু রাখতে হবে।

ট) হাসপাতাল ভবনের চারদিকে উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।

ঠ) হাসপাতালে Radioactive পদার্থ ব্যবহার এবং এর থেকে সৃষ্ট Radioactive বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পারমানবিক নিরাপত্তা ও বিকিরণ নিরাপত্তা বিধিমালা, ২০১২-এর আওতায় প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ব্যতিত কোনো ধরনের এক্সরে কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) হাসপাতালের শব্দ এবং বায়বীয়/তরল বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬, বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ণ) প্রতিষ্ঠানটির চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী থাকতে হবে এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত হতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **স্কয়ার ডেনিমস লিমিটেড, অলিপুর, শায়েস্থাগঞ্জ, হবিগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম উইভিং, ডাইং, ফিনিশিং, সাইজিং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে সিলেট বিভাগীয় কার্যালয় কর্তৃক গত ০২/০৯/২০১৫ তারিখে পঅ/সিবি/ডেনিমস/৯০১৫/২০১৩/ছাড়-১৩ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক হবিগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৪৬ মেট্রিক টন ডেনিম উইভিং, ডাইং, ফিনিশিং, সাইজিং ও ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১৬৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন কমন তরল বর্জ্য পরিশোধনাগার (সিইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। সিইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় সিইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং) বন্ধ করতে হবে। সিইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার সিইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, Color, pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার CETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্থাপিত স্ক্রু প্রেস যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানার পয়বর্জ্য পরিশোধনের জন্য ৩০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন STP'র নির্মাণপূর্বক তা কার্যকর করতে হবে। কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার STP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ট) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ত) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে Water recycle and reuse করার জন্য জিরো ডিসচার্জ প্ল্যান দাখিল করতে হবে।

দ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **ST. SURYA A (Dead Vessel) IMO NO. 9060534), পি এইচ পি শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ৮,১৬৮ মেট্রিক টন ওজনবিশিষ্ট ST. SURYA A (Dead Vessel) IMO NO. 9060534) স্ক্র্যাপ জাহাজ পি এইচ পি শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামক শিপ ব্রেকিং ইয়ার্ডে ভাঙ্গার জন্য প্রযোজ্য হবে।

খ) Environmental Survey Form এ উল্লিখিত বিপদজ্জনক বর্জ্যের জন্য Chemical Safety Data Sheet সরবরাহ করতে হবে।

গ) জাহাজ ভাঙ্গার কার্যক্রম শুরুর পূর্বে সকল প্রকার তরল পদার্থ অপসারণপূর্বক জাহাজটি পরিষ্কার করতে হবে। এ প্রক্রিয়া পুরো জাহাজ ভাঙ্গা কার্যক্রম প্রক্রিয়ায় অব্যহত থাকবে।

ঘ) আলোচ্য জাহাজের জন্য বিপজ্জনক পদার্থের প্রণীত তালিকা (IHM) জাহাজের ভিতরে বিপজ্জনক পদার্থ নিরূপণে সক্ষম বিশেষজ্ঞের মাধ্যমে বা সেফটি এজেন্সি কর্তৃক Visual Sampling Check Plan (VSCP) এর মাধ্যমে IHM এর সঠিকতা নিশ্চিত করতে হবে।

ঙ) জাহাজের বিলজ ওয়াটার Oil-Water Separator এর মাধ্যমে তেল পৃথক করতে হবে এবং সেপারেটর হতে নির্গত তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনর্পূবক পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত মানমাত্রার নিশ্চিত হওয়া সাপেক্ষে সমুদ্রে নির্গমন করা যাবে।

চ) জাহাজের পয়োবর্জ্য STP এর মাধ্যমে পরিশোধন করতে হবে।

ছ) জাহাজ কাটার পূর্বে জাহাজের রং অপসারণ করতে হবে। সমুদ্রের পানিতে কিংবা সৈকতে পেইন্ট চিপস অপসারণ করা যাবে না।

জ) জাহাজের বিপজ্জনক বা সাধারণ বর্জ্য দিয়ে সামুদ্রিক বা সমুদ্র সৈকতের পরিবেশ দূষণ করা যাবে না।

ঝ) জাহাজ ভাঙ্গা প্রক্রিয়ায় সৃষ্ট বর্জ্য হ্যান্ডলিং, স্টোরেজ ও পরিত্যাজনের ক্ষেত্রে Best Management Practice অনুসরণ করতে হবে। সকল বিপজ্জনক বর্জ্য সংরক্ষণাগারের দরজায় উক্ত পদার্থের MSDS লাগিয়ে রাখতে হবে।

ঞ) সকল প্লাস্টিক বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী পুনচক্রায়নকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করতে হবে।

ট) ভারী ধাতুযুক্ত জিনিসপত্র, চিকিৎসা বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট পরিত্যাজনের জন্য হস্তান্তর করতে হবে।

ঠ) Intertidal Zone-এ শুধু প্রাইমারি কাটিং সম্পন্ন করা যাবে। এ সময় তেলযুক্ত বা অন্য কোনো বিপজ্জনক পদার্থযুক্ত জাহাজের টুকরা সমুদ্র সৈকতে ফেলা যাবে না। এগুলো জাহাজের অভ্যন্তরে বা কোনো বার্জে ফেলতে হবে। পরবর্তীতে ক্রেনের সাহায্যে এগুলোকে অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে পরিবহন করে আনতে হবে। প্রাইমারি কাটিং-এর সময় জাহাজে যাতে সমুদ্রের পানি প্রবেশ না করতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ড) সেকেন্ডারি এবং টারশিয়ারি কাটিং কার্যক্রম অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে সম্পন্ন করতে হবে। কাটিং ফ্লোরের চারিপাশে বাঁধ দিতে হবে। উক্ত ফ্লোরে সৃষ্ট তরল বর্জ্য এবং runoff water ড্রেনের মাধ্যমে তরল বর্জ্য পরিশোধনাগারে (ইটিপি) প্রেরণ করে পরিশোধন করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত নির্ধারিত মানমাত্রা নিশ্চিত হওয়া সাপেক্ষে পরিবেশে নির্গমণ করা যাবে।

ঢ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিপ রিসাইক্লিং প্ল্যান প্রতিপালন করতে হবে।

ণ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক শিপ কাটিংএর অনুমতি ব্যতীত জাহাজ কাটার কার্যক্রম শুরু করা যাবে না।

ত) তৈলযুক্ত বর্জ্য সংগ্রহপূর্বক নির্ধারিত সংরক্ষণাগারে সংরক্ষণ করতে হবে এবং ইনসিনারেটরে পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

থ) বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর ৫ নং বিধি অনুসারে বিপজ্জনক বর্জ্যের তথ্য সংরক্ষণ ও যথাযথ সতর্কতার সাথে বিপজ্জনক বর্জ্য বা পদার্থ সংরক্ষণ করতে হবে যাতে কোনো দুর্ঘটনা না ঘটে এবং উক্ত বিধির তফসিল-৯ অনুযায়ী জাহাজের বিপজ্জনক পদার্থের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

দ) জাহাজের সামগ্রীক কার্যক্রম এবং বিশেষভাবে safe-for-entry এবং safe-for-hot work এর জন্য একটি কার্যকর নিরাপত্তা ব্যবস্থাপনা কাঠামো, industrial safety response এবং জরুরি অবস্থা মোকাবেলা করার প্রস্তুতি ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করতে হবে।

ধ) এসআরপি এর ভিত্তিতে বিপজ্জনক জোন বিশেষত বিপজ্জনক পদার্থ যেমন ফুয়েল ট্যাংক ইত্যাদি যে সব স্থানে আছে সে সকল জোন এবং প্রবেশ নিষিদ্ধ জোন পরিষ্কারভাবে চিহ্নিতকরণ, বিপদসংকেত প্রদর্শন এবং শ্রমিকদের এসব বিষয়ে সচেতন করতে হবে।

ন) জাহাজের উঁচু স্থানে কাজ করার জন্য ফল প্রিভেনশন যন্ত্রপাতি সংগ্রহপূর্বক তা ব্যবহার করতে হবে।

প) বদ্ধ জায়গায় কাজ করার সময় পর্যাপ্ত আলো (৩০০ লাক্স বা ততোধিক), গ্যাস মনিটরিং ($O_2$, CO, $H_2S$, Lower Explosive Limit Concentrations etc.), অগ্নি নিরোধক, ফাস্ট এইড এবং পর্যাপ্ত বায়ু চালাচলের ব্যবস্থা করতে হবে।

ফ) এন্টি ফাউলিং পেইন্ট সংগ্রহপূর্বক এয়ারটাইট কন্টেইনারে এবং অন্যান্য পেইন্ট চিপস নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে হবে এবং উচ্চ তাপমাত্রার ইনসিনারেটরে (১২০০ ডিগ্রি সেন্টিগ্রেড) পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

ব) জাহাজ ভাঙ্গা ইয়ার্ডে বা স্ক্র্যাপ জাহাজে কোনো দুর্ঘটনা সংঘটিত হলে ৪৮ ঘন্টার মধ্যে ও বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ -এর তফসিল ৭ অনুসারে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অবহিত করতে হবে।

ভ) জাহাজ ভাঙ্গা কার্যক্রমের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, কর্মচারি ও শ্রমিকদের (মাস্টাররোলসহ) সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধ এবং দুর্ঘটনা সম্পর্কে পর্যাপ্ত প্রশিক্ষণ দিতে হবে। প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিকদের প্রশিক্ষণ কাজে রিট পিটিশন ৭২৬০/২০০৮ এর আদেশ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

ম) স্ক্র্যাপ জাহাজ ভাঙ্গার ফলে সৃষ্ট জরুরী অবস্থা মোকাবেলার জন্য বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১-এর তফসিল ১২ অনুসারে বিস্তারিত পরিকল্পনা জাহাজ ভাঙ্গা শুরুর পূর্বে প্রস্তুত করে এক প্রস্থ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর বরাবরে দাখিল করতে হবে এবং জাহাজ ভাঙ্গার স্থলে সংরক্ষণ করতে হবে।

য) জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে সম্ভাব্য দুর্ঘটনার প্রকৃতি দুর্ঘটনার সময় ও দুর্ঘটনার পরবর্তী করণীয় ও অকরণীয় সম্পর্কে স্থানীয় জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে ব্যাপক প্রচার কার্য পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

র) প্রত্যেক জাহাজে বিদ্যমান বিপজ্জনক পদার্থ বা বর্জ্যের সর্বশেষ অংশ চূড়ান্তরূপে পরিত্যাজন করার পর ০৩ (তিন) বছর পর্যন্ত এই বিধিতে উল্লেখিত রেকর্ড পত্র সংরক্ষণ করতে হবে।

ল) মাত্রা বহির্ভূত বর্জ্য তেল বিপজ্জনক বর্জ্য পোড়ানোর চুল্লীতে পুড়িয়ে নিষ্পন্ন করা ব্যতীত অন্য কারো নিকট প্রদান বা বিক্রয় বা হস্তান্তর করা যাবে না। উক্ত বর্জ্য তেল সৃষ্টিকারীর অথবা পরিবেশগত ছাড়পত্রধারী বিপজ্জনক বর্জ্য পোড়ানোর ইনসিনারেটর মালিক বা দখলদারের দখলে ছাড়া অন্য কারো দখলে রাখা যাবে না।

শ) দুর্ঘটনাজনিত কারণে শ্রমিক বা কর্মচারীদের ক্ষতিপূরণের বিষয়টি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুসারে এবং পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার ক্ষয়ক্ষতি নির্ধারণ ও ক্ষতিপূরণ আদায় বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ অনুসারে নিষ্পন্ন করতে হবে।

ষ) জাহাজ কাটার পূর্বে পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল কার্যালয়কে অবহিত করতে হবে।

স) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৬. **MV. SERENITY 1 (IMO NO. 9060247), কিং স্টিলস, উত্তর সলিমপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৬,৩৫২.১৫ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. SERENITY 1 (IMO

NO. 9060247) স্ক্র্যাপ জাহাজ কিং স্টিলস নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৭. **MV. UNIPROFIT (IMO NO. 9105669), কে আর শীপ রিসাইক্লিং ইয়ার্ড, কাজীপাড়া, কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৩,০২৩.৫০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. UNIPROFIT (IMO NO. 9105669) স্ক্র্যাপ জাহাজ কে আর শীপ রিসাইক্লিং ইয়ার্ড নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৮. **MV. "TAO" (Dead Vessel) (IMO NO. 9673238), মেসার্স এন বি স্টিল, উত্তর সলিমপুর, জাফরাবাদ, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১৮,৪৬০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. "TAO" (Dead Vessel) (IMO NO. 9673238) স্ক্র্যাপ জাহাজ মেসার্স এন বি স্টিল নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৯. **MV. SP 19 (IMO NO. 8410392), এস এন টি শীপ রিসাইক্লিং, দক্ষিণ শীতলপুর, লালবাগ, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১,৭৯৪ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. SP 19 ( IMO NO. 8410392) স্ক্র্যাপ জাহাজ এস এন টি শীপ রিসাইক্লিং নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১০. **MV. CHANG HUA HAI (IMO NO. 8579033), মাহিনুর শিপ রিসাইক্লিং লিমিটেড, মধ্যম সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ২,৯৮৮.৩০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. CHANG HUA HAI (IMO NO. 8579033) স্ক্র্যাপ জাহাজ মাহিনুর শিপ রিসাইক্লিং লিমিটেড, মধ্যম সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১১. **MV. IPEK (IMO NO. 8818752), ম্যাক কর্পোরেশন, উত্তর সোনাইছড়ি, বাঁশবাড়িয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৬,৭৫১.৪৬৯ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. IPEK (IMO NO. 8818752) স্ক্র্যাপ জাহাজ ম্যাক কর্পোরেশন নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১২. **MV. SHUN DA FAZHAN (IMO NO. 9070785), মেসার্স এস এইচ এন্টারপ্রাইজ, জাহানাবাদ, কদমরসুল, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৭,৮০৯ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. "SHUN DA FAZHAN (IMO NO. 9070785) স্ক্র্যাপ জাহাজ মেসার্স এস এইচ এন্টারপ্রাইজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৩. **MV. SOLA GRATIA (IMO NO. 8506581), মেসার্স মাহিনুর শিপ রিসাইক্লিং লিমিটেড, মধ্যম সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ২০৫১.৬৯ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. SOLA GRATIA (IMO NO. 8506581) স্ক্র্যাপ জাহাজ মেসার্স মাহিনুর শিপ রিসাইক্লিং লিমিটেড নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৪. **MV. SU ZHOU HAO (IMO NO. 9030632), মেসার্স এস এইচ এন্টারপ্রাইজ, জাহানাবাদ, কদমরসুল, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৫,৯০৩ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. SU ZHOU HAO (IMO NO. 9030632) স্ক্র্যাপ জাহাজ মেসার্স এস এইচ এন্টারপ্রাইজ নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৫. **MV. FERRY HAYATOMO 2 (IMO NO. 8700448), মেসার্স ফোর স্টার শীপ ব্রেকিং ইন্ডস্ট্রিজ লিমিটেড, উত্তর সোনাইছড়ি, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৪,১৫৯.৮০ মেট্রিক টন ওজনবিশিষ্ট MV. FERRY HAYATOMO 2 (IMO NO. 8700448) স্ক্র্যাপ জাহাজ মেসার্স ফোর স্টার শীপ ব্রেকিং ইন্ডস্ট্রিজ লিমিটেড নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নং-ক/৫ এর খ-স এ উল্লিখিত বিশেষ শর্তাবলীর সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

## (খ) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **নূর-এ-মদিনা ডাইং এন্ড প্রিন্টিং ইন্ডাস্ট্রিজ, প্লট নং- ০৯, ফ্যাক্টরী রোড, শ্যামপুর-কদমতলী শিল্প এলাকা, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতি কাপড় ডাইং, ওয়াশিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১১২৫ কেজি সুতি কাপড় ডাইং, ওয়াশিং ও ফিনিশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং) বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, Color, pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) এসডিজি সূচক ১২.৬.১ অনুসারে প্রতি বছর প্রতিষ্ঠানের Sustainability Report প্রণয়নপূর্বক নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং এর একটি কপি পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ত) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **তানভীর ফুড লিমিটেড, মানিকচক, সদর, বগুড়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: অটোরাইস মিল ও রাইস ব্রান অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে বগুড়া জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৫০০ মেট্রিক টন চাল এবং ৫০ মেট্রিক টন রাইস ব্রান অয়েল প্রস্তুত কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৫০ ঘনমিটার/দিন ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল ৫ এর ৭ নং ক্রমিকে উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঙ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান ($BOD_5$, COD, SS ও Oil & Grease) এবং কারখানার পরিবেষ্টক বায়ুর গুণগতমান ($PM_{2.5}$ and $PM_{10}$) এর ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) কারখানার উৎপাদনকালে সৃষ্ট ছাই টাইলস বা ইট প্রস্তুতের জন্য কিংবা অন্য কোন কাজে ব্যবহারের জন্য বিক্রয় করা যাবে। ছাই বিক্রয় করা সম্ভব না হলে পরিবেশসম্মতভাবে সংরক্ষণ ও অপসারণের জন্য Ash pond নির্মাণ করতে হবে।

ছ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

জ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঞ) কারখানায় উৎপাদিত পন্যের গুণগতমান নিশ্চিতকল্পে BSTI বা সংশ্লিষ্ট সংস্থা হতে সার্টিফিকেট গ্রহণ করতে হবে। উক্ত সার্টিফিকেট ব্যতীত পরিবেশগত ছাড়পত্র নবায়ন করা হবে না।

ট) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে কারখানা হতে পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য ড্রেনেজ লাইন নির্মাণ করতে হবে। ড্রেনেজ লাইন নির্মাণ না হওয়া পর্যন্ত পরিশোধিত তরল বর্জ্য কারখানার অভ্যন্তরে সংরক্ষণ করতে হবে এবং উক্ত পানি উৎপাদনকালে পুনরায় ব্যবহার করতে হবে।

ঠ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট ডাস্ট নিয়ন্ত্রণের জন্য স্থাপিত ডাস্ট কালেক্টর (ব্যাগ ফিল্টার) এবং চিমনী কার্যকরভাবে চালু রাখতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ত) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **নিউ সানলাইট ব্যাটারী এস, পুকুরিয়া, ঘিওর, মানিকগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেড অ্যাসিড ব্যাটারি রি-সাইক্লিং করে সীসার বার উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে মানিকগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র পুরনো ব্যাটারি recycle করে দৈনিক সর্বোচ্চ ৭ টন লেড বার প্রস্তুতের জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে গ্যাসীয় নিঃসরণ এবং লেডসহ বস্তুকণার নিঃসরণ বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর তফসিল ৫ এর ১১ নং ক্রমিকে উল্লেখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবে না।

গ) কারখানার চুল্লি হতে সৃষ্ট বায়বীয় নিঃসরণ ব্যাগ ফিল্টার ও স্ক্র্যাবারের মাধ্যমে পরিশোধনপূর্বক ৮০ (আশি) ফুট উচু চিমনির মাধ্যমে নিঃসরণ করতে হবে ।

ঘ) আগামী ৩ (তিন) মাসের মধ্যে সংগৃহীত পুরাতন লেড অ্যাসিড ব্যাটারি Saw Method অথবা Hammer Mill Breaker পদ্ধতি অথবা Semi-automated পদ্ধতিতে ব্যাটারি ভাঙার কার্যক্রম পরিচালনা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোনো অবস্থাতেই উন্মুক্ত পদ্ধতিতে ব্যাটারি ভাঙার কার্যক্রম পরিচালনা করা যাবে না।

ঙ) ব্যাটারি ভাঙার স্থানে Local exhaust ventilation (LEV) স্থাপন করে LEV এর Outlet ব্যাগ হাউজ এবং স্ক্রাবারের সাথে যুক্ত করতে হবে। স্ক্রাবারের তরল বর্জ্য ইটিপিতে পরিশোধন করতে হবে।

চ) ফার্নেস হতে সালফার-ডাই-অক্সাইড ($SO_2$) নিঃসরণরোধে Pre-desulfurization এবং In-situ desulfurization ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে স্ক্র্যাপ আয়রন, সোডা অ্যাশ (সোডিয়াম কার্বনেট) এবং Gas Scrubbing System রাখতে হবে।

ছ) অ্যাসিডযুক্ত ব্যাটারি ভাঙার পূর্বে অ্যাসিড Drainout এর ব্যবস্থা রাখতে হবে। উক্ত অ্যাসিডসহ অন্যান্য তরল বর্জ্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ৫০০ লিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

জ) ব্যাটারি ভাঙার ফলে সৃষ্ট প্লাস্টিক প্রথমে অ্যালকালাইন দ্রবণে উত্তমরূপে ওয়াশ করতে হবে এবং পরিস্কার পানিতে পুনরায় ওয়াশ করার পর রিসাইকল ম্যাটেরিয়াল হিসেবে ব্যবহার করতে হবে। এর ফলে সৃষ্ট তরল বর্জ্য ইটিপিতে পরিশোধন করতে হবে।

ঝ) কারখানা পরিচালনাকালে এর অভ্যন্তরের মেঝে সর্বদা সিক্ত রাখার ব্যবস্থা করতে হবে।

ঞ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Pb, SS ও pH) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ট) কারখানার সীসামিশ্রিত কঠিন বর্জ্য কোনোক্রমেই পরিবেশে নিক্ষেপ করা যাবে না। এ ধরনের বর্জ্য পুনঃব্যবহার উপযোগী না হলে তা কেবলমাত্র পরিবেশ অধিদপ্তরের অনুমতিক্রমে বিশেষ প্রক্রিয়ায় Secure Landfill-এর ব্যবস্থা করতে হবে।

ঠ) কারখানার ব্যাটারি ভাঙার সেকশনে বাধ্যতামূলকভাবে কর্মরত শ্রমিকদের Long sleeved plastic apron, Nitrile gloves, Safety helmet with visor, waterproof সেফটি বুট Neoprene Cartridge Dust Respirator Musk এবং ব্যাগ হাউজ সংস্কার Dross/ Slag লোডিং/আনলোডিং-এর সময় কর্মরত শ্রমিকদের সম্পূর্ণ হুডযুক্ত ও সম্পূর্ণ শরীরাবৃত Apron, gloves & leggings, ওয়াটারপ্রুফ বুট, Breathing apparatus-সহ Full face mask-এর ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে।

ড) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২(দুই) বার কারখানার পরিবেষ্টক বায়ুর গুণগতমান (Lead) এর বিশ্লেষিত ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঢ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ণ) এ কারখানায় কাঁচামাল হিসেবে ব্যবহারের জন্য বিদেশ থেকে কোনো প্রকার বর্জ্য আমদানি করা যাবে না।

ত) কারখানার কাঁচামাল সংগ্রহের তথ্যাদি একটি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকালে উক্ত রেজিস্টারটি পরীক্ষা করা হবে। কারখানায় Good House-keeping ব্যবস্থা বজায় রাখতে হবে।

থ) কারখানার জেনারেটর থেকে নির্গত নির্গত ধোঁয়া নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

দ) কারখানায় কর্মরত শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। অত্র দপ্তর হতে পরিদর্শনের সময় তা দেখাতে হবে।

ধ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য পরিবেশ বিষয়ে যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিক রেকর্ড সংরক্ষণ করতে হবে। প্রতি তিনমাস অন্তর অন্তর সংরক্ষিত রেকর্ডের সারসংক্ষেপ রিপোর্ট আকারে পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ন) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথা: ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সি লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ/ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

প) কারখানার চত্বরের উপযুক্ত প্রজাতির দেশি জাতের ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ফ) কারখানার মেঝে পানি ছিটিয়ে সর্বদা ভেজা রাখতে হবে।

ব) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ভ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **টার্গেট ডেনিম এন্ড ক্যাজুয়াল ওয়্যার লিমিটেড, ১২৬/২, ইসলামপুর রোড, কড্ডা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৩.৫ টন সোয়েটার ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১০ ঘনমিটার/দিন ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেটে পয়েন্টে স্থাপিত ফ্লো মেজারিং ডিভাইস সর্বদা কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষনিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে STP ড্রইং, ডিজাইন এবং ক্যালকুলেশন দাখিল করতে হবে।

ট) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঠ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ত) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

থ) আগামী ৬(ছয়) মাসের মধ্যে Water recycle and reuse করার জন্য জিরো ডিসচার্জ প্ল্যান দাখিল করতে হবে।

দ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **ন্যাশনাল ড্রাগ কোম্পানী লিমিটেড, বড় বাঙ্গালপাড়া, শিমুলিয়া, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রতিষ্ঠানের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র ঔষধ প্রস্তুত কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। কারখানার উৎপাদন বৃদ্ধি, বাণিজ্যিক উৎপাদন, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট যে কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১ ঘনমিটার/ দৈনিক ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য কারখানার বাহিরে নির্গমন করা যাবে না, পুনর্ব্যবহার করতে হবে।

গ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপি'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD ও SS) সংগ্রহপূর্বক পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং তার রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঙ) ETP'র স্লাজ Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে ব্যবস্থাপনা করতে হবে।

চ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ছ) ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকওয়েল ব্যবহার করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটি গ্লাস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

৬. **মাসকো এক্সপোর্টস লিমিটেড, বাগহাটা, শীলমান্দি, সদর, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রে কাপড় ডাইং , ওয়াশিং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপির মডিফিকেশন প্ল্যান, এসটিপির ড্রইং ডিজাইন ও ক্যালকুলেশন, স্লাজ ম্যানেজমেন্ট প্ল্যান, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নরসিংদী জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে আলোচ্য কারখানার বিদ্যমান দুইটি ইটিপির মডিফিকেশন প্ল্যান এবং এসটিপি'র ড্রইং ডিজাইন ও স্লাজ ম্যানেজমেন্ট প্ল্যান অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:
ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানায় বিদ্যমান ৯০ ঘনমিটার/ঘন্টা ও ১৬০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতার ইটিপি'র মডিফিকেশন করে সার্বক্ষণিক চালু রাখতে হবে।
খ) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক ১২০ ঘনমিটার/দিন ক্ষমতাসম্পন্ন এসটিপি নির্মাণ করে সার্বক্ষণিক চালু রাখতে হবে।
গ) Sound Engineering Practice অনুসরণ করে ইটিপির মডিফিকেশন ও এসটিপি'র নির্মাণ করতে হবে।
ঘ) আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে ইটিপি ও এসটিপি'র কার্যকারীতা প্রমাণের স্বপক্ষে পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর তরল বর্জ্য নমুনার বিশ্লেষিত ফলাফল দাখিল করতে হবে।
ঙ) ইটিপি ও এসটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
চ) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত স্লাজ ম্যানেজমেন্ট প্ল্যান অনুযায়ী কারখানায় সৃষ্ট স্লাজের ব্যবস্থাপনা করতে হবে। এক্ষেত্রে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসরণ করতে হবে।
ছ) ইটিপি'র মডিফিকেশন কাজ চলাকালে কারখানার কার্যক্রম বন্ধ রাখতে হবে।

## (ছ) জিরো ডিসচার্জ প্লান অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **দাইয়ু বাংলাদেশ লিমিটেড; প্লট নং- ১০৬-১২৩, ডিইপিজেড, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: এক্রাইলিক ইয়ার্ন প্রস্তুত ও রংকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

২. **মাধবদী ডাইং ফিনিশিং মিলস লিমিটেড, ছোট গদাইরচর, মাধবদী, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রে কাপড় ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নরসিংদী জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৩. **বাংলাদেশ এডিবল অয়েল লি:, উত্তর রুপসী, রুপসী বাজার, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্যাকেটজাত সরিষা, পাম ও সরিষার তৈল উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত

সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

## (জ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: পরিবেশগত ছাড়পত্র

১. **জেড কে কার্বন ফ্যাক্টরী; চরখানখানাপুর, সদর, রাজবাড়ী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: চারকোল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫১২ তম সভার সিদ্ধান্তের আলোকে গত ২১/০৪/২০২৪ তারিখে উদ্যোক্তাকে বায়ুদূষণ রোধে ব্যবস্থা গ্রহণের জন্য Wet scrubber বা অন্য কোনো কার্যকরী APC System স্থাপন এবং Closed system-এ চারকোল grinding & bagging করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হলেও অদ্যবধি উদ্যোক্তা জবাব প্রদান না করায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ফরিদপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২. **মনিলাক কসমেটিকস এন্ড কনজ্যুমার প্রোডাক্টস লিমিটেড; বাউকাঠি, সদর, ঝালকাঠি** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিভিন্ন ধরণের কসমেটিকস পণ্য প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫১৩ তম সভার সিদ্ধান্তের আলোকে গত ০২/০৬/২০২৪ তারিখে উদ্যোক্তাকে আলোচ্য কারখানাটির ইটিপির ডিজাইন ত্রুটিপূর্ণ হওয়ায় সংশোধিত ইটিপি-র ড্রইং, ডিজাইন ও ক্যালকুলেশন পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুসারে দাখিলের জন্য অনুরোধ করা হয়। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হলেও অদ্যবধি উদ্যোক্তা জবাব প্রদান না করায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে বরিশাল বিভাগীয় কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৩. **মেসার্স হাসেম পেপার মিলস লিমিটেড, মিঠাব, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিউজপ্রিন্ট পেপার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫১৮ তম সভার সিদ্ধান্তের আলোকে কমিটি কর্তৃক পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য কারখানায় স্থাপিত ইটিপি অকার্যকর অবস্থায় রেখে কারখানাটির উৎপাদন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং  কারখানার সার্বিক পরিবেশগত ব্যবস্থাপনা সন্তোষজনক নয়। এছাড়াও নদীর জায়গা দখল করে ইটিপি স্থাপন করা হয়েছে মর্মে পরিদর্শনকালে প্রতীয়মান হয়। এমতাবস্থায় সার্বিক দিক বিবেচনায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুর করাসহ উৎপাদন কার্যক্রম বন্ধের  বিষয়ে  পারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে নারায়নগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৪. **সিরাজগঞ্জ চেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড, খামারগ্রাম, এনায়েতপুর, চৌহালী, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সিরাজগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

ক) ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, Color, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল দাখিল করতে হবে।

৫. **আর্টি কম্পোজিট লিমিটেড; কাঠালী, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রে ফেব্রিক্স ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য কারখানার ইটিপি'র ডিজাইনে কারখানা হতে উৎপন্ন তরল বর্জ্য পরিশোধনের জন্য ইটিপি'র ধারণ ক্ষমতা পর্যাপ্ত নয়, কার্যকর Clarifier স্থাপন করতে হবে, সেকেন্ডারি ক্ল্যারিফায়ার এ SOR বেশি তা সংশোধন করতে হবে, Coagulation & Flocculation tank পৃথক নয় যা পৃথকভাবে নির্মাণ করতে হবে, ইটিপি'র অপারেশন সময় ২০ ঘন্টা করতে হবে, Aeration tank -এ নিউট্রিয়েন্ট দেওয়ার ব্যবস্থা করতে হবে এবং Post Aeration tank দেখানো হয়েছে যার প্রয়োজন নেই। এমতাবস্থায় উক্ত ত্রুটিসমূহ সংশোধনপূর্বক সংশোধিত  ইটিপি'র ডিজাইন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৬. **মদিনা মেটাল ইন্ডাস্ট্রিজ; গাজীপুর, লক্ষীপুরহাট, সদর, নাটোর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পুরাতন ব্যাটারী রি-সাইক্লিং ও লেড এসিড ব্যাটারী প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানার অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য নাটোর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

ক) কারখানায় সংগৃহীত পুরাতন লেড অ্যাসিড ব্যাটারি Saw Method অথবা Hammer Mill Breaker পদ্ধতি অথবা Semi-automated পদ্ধতিতে ভাঙার কার্যক্রম পরিচালনা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোনো অবস্থাতেই উন্মুক্ত পদ্ধতিতে ব্যাটারি ভাঙার কার্যক্রম পরিচালনা করা যাবে না।

খ) কারখানার ব্যাটারি ভাঙার সেকশনে বাধ্যতামূলকভাবে কর্মরত শ্রমিকদের Long sleeved plastic apron, Nitrile gloves, Safety helmet with visor, waterproof সেফটি বুট Neoprene Cartridge Dust Respirator Musk এবং ব্যাগ হাউজ সংস্কার Dross/ Slag লোডিং/আনলোডিং-এর সময় কর্মরত শ্রমিকদের সম্পূর্ণ হুডযুক্ত ও সম্পূর্ণ শরীরাবৃত Apron, gloves & leggings, ওয়াটারপ্রুফ বুট, Breathing apparatus-সহ Full face mask-এর ব্যবহারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) কারখানায় স্থাপিত ফার্নেস প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের Materials and Metallurgical Engineering (MME) বিভাগ কর্তৃক Certify করতে হবে এবং তার প্রমাণক দাখিল করতে হবে।

৭. **আর্টিস্টা লেদার লিঃ, প্লট নং: এক্সই ১-এক্সই ২, বিসিক চামড়া শিল্প নগরী, হরিনধরা, হেমায়েতপুর, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ক্রাস্ট লেদার প্রস্তুত ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক প্রকল্পটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

৮. **পাইলট স্কেল প্লাস্টিক পাইরোলাইসিস প্লান্ট; আদমপুর, বেরীবাঁধ, সদর, ফরিদপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্লাস্টিক পাইরোলাইসিস প্লান্ট): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি চেকলিস্ট ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। বিস্তারিত পর্যালোচনান্তে, নিম্নবর্ণিত তথ্যসমূহ দাখিলের জন্য ফরিদপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) প্লান্ট চালানোর জন্য ব্যবহৃত প্লাস্টিক ওয়াশিং, ডাইং ও কাটিং প্রক্রিয়ার বিবরণ;
(খ) জ্বালানীর ধরণ ও পরিমান;
(গ) নিরাপত্তা ও চাপ নিয়ন্ত্রণ পদ্ধতিসহ Reactor এর Specification;
(ঘ) তেল সংগ্রহ ও সংরক্ষণ ব্যবস্থা;
(ঙ) ব্ল্যাক কার্বন সংগ্রহ, সংরক্ষণ, মজুদ ও অপসারণ ব্যবস্থার বিস্তারিত বর্ণনা।

৯. **ওয়ান আপ সোয়েটারস লিমিটেড, ১২২-১২৩, ছায়দানা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার প্রস্তুত ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক প্রকল্পটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

১০. **মুন্নু মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল, মুন্নু সিটি, গিলন্ড, ঘিওর, মানিকগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মেডিকেল কলেজ ও হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য মানিকগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) সভার আলোচনা মোতাবেক সংশোধিত ইটিপি'র ড্রইং, ডিজাইন ও ক্যালকুলেশন দাখিল করতে হবে।

১১. **সাদিয়া ফ্যাশন ওয়্যারস লিমিটেড, তল্লা, খাপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিট এন্ড ওভেন ফেব্রিক্স ওয়াশিং ও প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১২. **তাকওয়া মডার্ন মেটাল ইন্ডস্ট্রিজ লিমিটেড, তেরহাসিয়া, বৌলাই, সদর, কিশোরগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সীসার বার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১৩. **টাঙ্গাইল আল মদিনা রাইস ব্রান ওয়েল লিমিটেড, গুনগ্রাম, ঘাটাইল, টাঙ্গাইল** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ক্রুড অয়েল ও ডিওআরবি প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকেই কারখানাটির উৎপাদন কার্যক্রম শুরু হয়েছে। ফলে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর বিধি-২৩ অনুযায়ী প্রতিষ্ঠানটির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ঢাকা অঞ্চল কার্যালয় কর্তৃক পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখায় নথি প্রেরণের সুপারিশ গৃহীত হয়। এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণের পর আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য ঢাকা অঞ্চল কার্যালয় কর্তৃক উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ড্রইং, ডিজাইন ও ক্যালকুলেশন।

১৪. **ডেল্টা এগ্রো ফুড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, সৈয়দপুর, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সয়াবিন তেল ও সয়া কেক প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক প্রতিষ্ঠানটি সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

১৫. **গ্লোব ওয়েস্ট ম্যানেজমেন্ট লিমিটেড, এ-২১/১, হরিতকিতলা, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্লাস্টিক পাইরোলাইসিস প্রক্রিয়ায় পেট্রোল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১৬. **ধলেশ্বরী এগ্রো ফুড ইন্ডাঃ, আঠারদানা, ঘাটাইল, টাঙ্গাইল** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ধান সিদ্ধ, শুকানো ও ভাঙ্গানো): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের বিষয়ে পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫১৮ তম সভার সিদ্ধান্ত পুন:বহাল রাখার সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে টাঙ্গাইল জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১৭. **মেসার্স চাঁদপুর ফাউন্ড্রি, পশ্চিম কুমরাডুগী, শাহতলী বাজার, সদর, চাঁদপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঢালাই লোহা স্ক্যাপ, কার্বন, সিলিকন ও পাউডার মিক্সিং করে প্রাকৃতিক গ্যাস দিয়ে চুলার মাধ্যমে ঢালাই তাওয়া, ঢালাই নীট এবং টেক্সটাইলের খুচরা যন্ত্রাংশ তৈরি): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রতিষ্ঠানের বায়ু দূষণ নিয়ন্ত্রণে যথাযথ ব্যবস্থা না থাকায় এবং উৎপাদনকালে অগ্নি দূর্ঘটনা রোধকল্পে কোন প্রতিরোধমূলক ব্যবস্থা না থাকায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে চাঁদপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১৮. **ইসলামী ব্যাংক হাসপাতাল রাজশাহী, লক্ষীপুর, শেরশাহ রোড, কাজিহাটা, রাজপাড়া, রাজশাহী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উদ্যোক্তা কর্তৃক নিম্নবর্ণিত তথ্যাদি দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পূর্বের ও বর্তমানে হাসপাতালের কার্যক্রম চলাকালে ব্যবহৃত পানির পরিমানের তুলনামূলক চিত্র;

(খ) হাসপাতালের ইটিপি'র সকল ইউনিটের ভিডিওচিত্র।

## (ঝ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: ইআইএ অনুমোদন

১. **ক্রাউন কমফোর্টওয়্যার লিমিটেড; প্লট নং-১২২২-১২৪৪, পাথারপাড়া, দক্ষিণ বারতোপা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সূতা রংকরণ ও সূতা থেকে সোয়েটার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, বিগত ৫১৫তম সভার ঞ/৫ সিদ্ধান্ত অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে ইতঃপূর্বে অনুমোদিত ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুসারে সংশোধিত আকারে ইআইএ দাখিল না করায় উদ্যোক্তার অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

২. **স্নোটেক্স ওয়াশিং এন্ড ডাইং লিমিটেড; লাকুরিয়াপাড়া, ঢুলিভিটা, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম, টুইল কাপড় ওয়াশিং এবং গার্মেন্টস ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট

কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-এর উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৩. **Construction of 4 Nos. Combined Water Control Structure and 2.30 Km Irrigation Canal under Rehabilitation of Tangon Barrage, Buri Bundh and Bhully Bundh Irrigation Projects, River bank protection and Construction of combined Water Control Structure by Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সম্মিলিত পানি নিয়ন্ত্রণ অবকাঠামো ও সেচ খাল নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে অনুমোদিত ToR ও পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ অনুসরণে উদ্যোক্তা কর্তৃক সংশোধিত ইআইএ প্রতিবেদন দাখিলের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৪. **এ কে খান এন্ড কোং লি:-ইনল্যান্ড কন্টেইনার ডিপো (আইসিডি) এন্ড কন্টেইনার ফ্রাইট স্টেশন (সিএফএস), অলংকার মোড়, উত্তর কাট্টলী, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: টার্মিনাল /ইনল্যান্ড কন্টেইনার ডিপো (খালি কন্টেইনার সংরক্ষণ, গুদামজাতকরণ, রপ্তানি পণ্য স্টাফিং ও হ্যান্ডলিং, নির্ধারিত আমদানি পণ্য আনস্টাফিং ও ডেলিভারি)): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-এর উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৫. **Dhaka City Emergency Water Supply Project under Dhaka WASA** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নলকূপ স্থাপন ও মেরামত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-এর উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৬. **Drilling of wells no. Sylhet-11 (Development well) and Rashidpur-13 (Exploratory well) by Sylhet Gas Fields Limited** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্যাস কূপ অনুসন্ধান): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন, সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ অনুযায়ী ইআইএ প্রতিবেদন প্রণয়নপূর্বক নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী ইআইএ প্রতিবেদন দাখিল;
(খ) স্থানীয় কর্তৃপক্ষর অনাপত্তিপত্র;
(গ) ছাড়পত্র প্রক্রিয়াকরণ ফি ও ভ্যাট;
(ঘ) পূরণকৃত ফরম-৩ ও ফরম-৪।

৭. **রিফাত এগ্রো কেমিক্যালস ইন্ডাস্ট্রিজ; সলেমানপুর, কোটচাঁদপুর, ঝিনাইদহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: জিংক সালফেট প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, সংশোধিত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত, উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ৫০৬তম সভার ৬/২ নম্বর সিদ্ধান্ত পুনর্বহাল রাখার সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঝিনাইদহ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

## (ঞ) সুপারিশবিহীন ইআইএ-র কার্যপরিধি (ToR)

১. **সিটিমেড রিয়েল এস্টেট এন্ড ডেভেলপমেন্ট লিমিটেড (পূর্বাচল ভ্যালী), ভুলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আবাসন প্রকল্প): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-র কার্যপরিধি (ToR)-তে নিম্নবর্ণিত অসংগতি থাকায় পুনঃ সংশোধনীসহ ইআইএ-র কার্যপরিধি (ToR) দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) ইআইএ প্রতিবেদন প্রণয়নে সমীক্ষাদলে Multidisciplinary Expert প্রয়োজন;
(খ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী সমীক্ষাদলের প্রত্যেক সদস্যের ঘোষণাপত্রে স্বাক্ষর থাকতে হবে।

## (ট) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: অবস্থানগত ছাড়পত্র

১. **ইকো গার্মেন্টস লিমিটেড; রোড নং-০২, ব্লক-বি, চারাবাগ মাদ্রাসা, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস ওয়াশ): উদ্যোক্তা কর্তৃক ৫১৫তম সভার সিদ্ধান্তের আলোকে দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ইটিপি'র ড্রইং, ডিজাইন, ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় সংশোধিত আকারে ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) বিভিন্ন ধাপে সৃষ্ট তরল বর্জ্যের ধরন ও পরিমাণ;
(খ) সৃষ্ট তরল বর্জ্যের গুণগতমানের ফলাফল;
(গ) Biological Process সক্রিয় কার্যক্ষমের জন্য Return Activated Sludge (RAS) -এর ব্যবস্থা নেই;
(ঘ) MLSS এর পরিমাণ 3000mg/L কিভাবে
(ঙ) Clarifier-এ পানিপ্রবাহ হ্রাসের কোনো ব্যবস্থা নেই;
(চ) Aeration Tank এর আয়তন বৃদ্ধি করা প্রয়োজন;
(ছ) ড্রইং-এ MBBR Tank এর উল্লেখ থাকলেও এর ডিজাইন ক্যালকুলেশন নেই।

২. **জিংকো এগ্রো প্রসেস; ঘুরুলিয়া, তালবাড়ীয়া, সদর, যশোর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: দস্তা সার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক ৫১৩তম সভার সিদ্ধান্তের আলোকে দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের সালফিউরিক অ্যাসিড Storage & Handling ব্যবস্থা অত্যন্ত ঝুঁকিপূর্ণ এবং অ্যাসিড ফিউম Collection ও উহার পরিশোধন প্রক্রিয়া পরিবেশসম্মত হিসেবে বিবেচিত না হওয়ায় উদ্যোক্তার অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে যশোর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করবে।

৩. **মেসার্স এসফাম এনার্জি, বালিয়াপাড়া, আলামপুর, সদর, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পাইরোলাইটিক অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনার উপর উদ্যোক্তা/তার মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৪. **এফ আর ডেনিম লিমিটেড; দগরকান্দা, মাধবদী, সদর, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ফেব্রিক্স ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, প্রস্তাবিত প্রকল্পটির তরল বর্জ্য নির্গমনের জন্য কোনো ড্রেনেজ লাইন না থাকার ফলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-৯ (খ) অনুযায়ী অবস্থান গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত না হওয়ায় উদ্যোক্তার অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি নরসিংদী জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৫. **নিট ফেয়ার লিমিটেড; এনায়েতনগর, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিট ফেব্রিক্স ডাইং এন্ড ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনার উপর উদ্যোক্তা/তার মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

## (ঠ) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহ: এপিসি/ ইটিপি/ এসটিপি-এর ডিজাইন অনুমোদন

১. **কালার সিটি লিমিটেড; নয়াপাড়া, কাশিমপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় সংশোধিত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Color removal system যোগ করতে হবে;
(খ) MLSS-এর পরিমান যথাযথ নয়, সঠিক পরিমান উল্লেখ করতে হবে;
(গ) Denitrification-এর কারন ব্যাখ্যা করতে হবে;
(ঘ) Post Aeration unit প্রযোজ্য নয়।

২. **তসরিফা ইন্ডাস্ট্রিজ লিমিটেড; আনসার রোড, বেড়াইদেরচালা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নীট ফেব্রিক্স ডাইং, গার্মেন্টস ডিপ ডাইং, গার্মেন্টস ওয়াশ ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের নিম্নবর্ণিত তত্যাদি/প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন;

৩. **মেরিন সিটি মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল, ১১০১/২১২৭, চন্দ্র নগর, পূর্ব নাসিরাবাদ, বায়েজিদ বোস্তামী, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় সংশোধিত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য চট্টগ্রাম মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) MBBR tank এবং Collection tank-এর সাইজ যথাযথ নয়, সংশোধিত ডিজাইন দাখিল করতে হবে;
(খ) NaOCl সঠিকভাবে মিশ্রনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(গ) Sodium Carbonate ব্যবহারের কারন ব্যখ্যা করতে হবে;
(ঘ) Oil & Grease প্রযোজ্য নয়।

৪. **বে ইকোনমিক জোন লিমিটেড এর কেন্দ্রিয় তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ, তেলিরচালা, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কেন্দ্রিয় তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৫. **এ.আর. ওয়েট প্রসেসিং লিমিটেড; আমতলা, কাঠগড়া, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেড গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৬. **জিএবি লিমিটেড; পলাশবাড়ি, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র বুনন, ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৭. **আরজেস লাইফ সাইন্স লিমিটেড; ১৮/৫০, সাগরিকা শিল্প এলাকা, পাহাড়তলী, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় সংশোধিত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য চট্টগ্রাম মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন;

৮. **গ্রেটওয়াল সিরামিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড; শ্রীহট্ট ইকোনোমিক জোন, শেরপুর, সদর, মৌলভীবাজার** (শিল্প/প্রকল্প কার্যক্রম: টাইলস প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় সংশোধিত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য মৌলভীবাজার জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন;

## (ড) সুপারিশবিহীন জিরো ডিসচার্জ প্লান

১. **স্প্রিং ট্রেড লি:, আমতলা, কাঠগড়া, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে,

আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Gantt Chart-(Summary-সহ) সংশোধিত জিরো ডিসচার্জ প্ল্যান বাস্তবায়ন পরিকল্পনা দাখিল।

২. **মজুমদার প্রোডাক্টস লিমিটেড (রাইস ব্রান অয়েল); ছোনকা, শেরপুর, বগুড়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রাইস ব্রান অয়েল উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫১৫ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা দীর্ঘদিন অতিবাহিত হলেও পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী সংশোধিত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন দাখিল না করায় উদ্যোক্তার জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে বগুড়া জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

## (ঢ) বিবিধ

১. **যমুনা ডেনিম লিমিটেড; (উইভিং এন্ড ডায়িং ইউনিট), কাশিমপুর রোড, জরুন, কোনাবাড়ি, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: উইভিং এন্ড ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও গাজীপুর জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক গত ১১/০৪/২০১০ তারিখের পরিবেশ/ঢাবি/গাজীপুর/লাল/ছাড়-৬৩ সংখ্যক স্মারকে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র প্রতিষ্ঠানের নাম গাজীপুর জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

| প্রতিষ্ঠানের পুর্ব নাম | প্রতিষ্ঠানের বর্তমান নাম |
|---|---|
| যমুনা ডেনিম লি: (উইভিং এন্ড ডায়িং ইউনিট) | **যমুনা ডেনিমস উইভিং লিমিটেড** |

২. **যমুনা ডেনিমস লিমিটেড (গার্মেন্টস এন্ড ওয়াশিং ইউনিট), কাশিমপুর রোড, জরুন, কোনাবাড়ি, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ফেব্রিক্স ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও গাজীপুর জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক গত ২৮/০৫/২০১৯ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ১৯-২৪৬৯৭ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র প্রতিষ্ঠানের নাম গাজীপুর জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

| প্রতিষ্ঠানের পুর্ব নাম | প্রতিষ্ঠানের বর্তমান নাম |
|---|---|
| যমুনা ডেনিমস লিমিটেড (গার্মেন্টস এন্ড ওয়াশিং ইউনিট) | **যমুনা ডেনিমস লিমিটেড** |

৩. **সুলতান অয়েল ইন্ডাস্ট্রিজ লি:, মুরাদপুর, মদনপুর, বন্দর, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লুব অয়েল রি-রিফাইনারী করে পরিশোধিত ইঞ্জিন অয়েল বা মবিল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক কারখানাটির অনুকূলে বিগত ১২/০৬/২০২৩ তারিখের পরিবেশগত ছাড়পত্র নম্বর : ২৩-১০০৩৮৭ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে ৫ নং শর্তে উল্লেখিত ''কারখানা চালু অবস্থায় প্রতি ০৬ (ছয়) মাস অন্তর অর্থাৎ বছরে ০২ (দুই) বার ইটিপি'র তরল বর্জ্যের গুণগতমান (পরিশোধন ও-পূর্ব ও পরিশোধন পরবর্তী) পরিক্ষার ফলাফল ($P^H$, COD, ও TSS Oil & Grease) পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে" এবং ১৬ নং শর্তে উল্লিখিত " আগামী ০১ (এক) মাসের মধ্যে ইটিপির কার্যক্রম পরিবীক্ষণের জন্য পরিবেশ অধিদপ্তরের নির্দেশনা অনুসারে IP ক্যামেরা স্থাপন করতে হবে" শর্ত হতে অব্যাহতি চেয়ে আবেদন করেছে। সভায় বিস্তারিত আলোচনান্তে, কারখানার অনুকূলে বিগত বিগত ১২/০৬/২০২৩ তারিখের পরিবেশগত ছাড়পত্র নম্বর : ২৩-১০০৩৮৭ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের ৫ ও ১৬ নম্বর শর্ত বিলুপ্তপূর্বক অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক পরিমার্জিত পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৪. **মেসার্স ফোকাস লুব্রিকেন্ট, বিসিক শিল্প নগরী, ঝুমঝুমপুর, সদর, যশোর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পোড়া লুব অয়েল থেকে গ্রীজ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও যশোর জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে যশোর জেলা কার্যালয় কর্তৃক গত ১৭/০৭/২০১৪ তারিখের ২২.০২.৪০৪১.০১৬.৪৪.০০৫.১৩.৩৯৭ সংখ্যাক স্মারকে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র প্রতিষ্ঠানের নাম যশোর জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

| প্রতিষ্ঠানের পুর্ব নাম | প্রতিষ্ঠানের বর্তমান নাম |
|---|---|
| মেসার্স ফোকাস লুব্রিকেন্ট | **ফোকাস লুব্রিকেন্ট লিমিটেড** |

৫. **ইব্রাহিম ইকবাল মেমোরিয়াল হসপিটাল লিমিটেড, বিজিসি বিদ্যানগর, চন্দনাইশ, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ৫০০ বেডের হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও চট্টগ্রাম জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক গত ২৬/০২/২০১৭ তারিখের ২২.০২.১৫০০.২০৭.৭১.০৬১.১৬.৪৯ সংখ্যক স্মারকে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র প্রতিষ্ঠানের নাম চট্টগ্রাম জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

| প্রতিষ্ঠানের পুর্ব নাম | প্রতিষ্ঠানের বর্তমান নাম |
|---|---|
| ইব্রাহিম ইকবাল মেমোরিয়াল হসপিটাল লিমিটেড | **বিজিসি ট্রাস্ট মেডিকেল কলেজ হসপিটাল** |

৬. **ইলিয়াস ব্রাদার্স (প্রা:) লিমিটেড, এডিবল অয়েল রিফাইনারী (ইউনিট-২), উত্তর পতেঙ্গা, পতেঙ্গা, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ভোজ্য তেল (সয়াবিন তেল) রিফাইনারী): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও চট্টগ্রাম মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয় কর্তৃক গত ১৭/০১/২০০৫ তারিখের পঅ/চবি/ছাড়পত্র-৫৫৫৬/২০০৪/৪৭ সংখ্যক স্মারকে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র প্রতিষ্ঠানের নাম ও মালিকানা চট্টগ্রাম মহানগর কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

| প্রতিষ্ঠানের পুর্ব নাম ও মালিকানা | প্রতিষ্ঠানের বর্তমান নাম ও মালিকানা |
|---|---|
| ইলিয়াস ব্রাদার্স (প্রা:) লিমিটেড, এডিবল অয়েল রিফাইনারী (ইউনিট-২)<br>পূর্বের ব্যবস্থাপনা পরিচালকের নাম: জনাব মোহাম্মদ শামসুল আলম | **মেসার্স স্মাইল ফুড প্রোডাক্টস লি:<br>বর্তমান ব্যবস্থাপনা পরিচালকের নাম: জনাব মোহাম্মদ মাহফুজুল হক** |

৭. সোনাদিয়া ইকো ট্যুরিজম পার্ক, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (শিল্প/প্রকল্প কার্যক্রম: ইকো ট্যুরিজম পার্ক নির্মাণ): কমিটির সভায় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর অনুকূলে কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার সোনাদিয়া দ্বীপে সোনাদিয়া ইকো ট্যুরিজম পার্ক এর অনুকূলে প্রদানকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিল প্রসঙ্গে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে ০৭/১০/২০২৪ তারিখের ২২.০০.০০০০.০৬৬.৫৩.০২৫.১৫.২৬৮ স্মারকে প্রাপ্ত পত্রের নির্দেশনা সভায় আলোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার সোনাদিয়া দ্বীপে সোনাদিয়া ইকো ট্যুরিজম পার্ক স্থাপনের লক্ষ্যে বন্দোবস্ত প্রদানকৃত বনভুমির পরিবেশ ও প্রতিবেশ ক্ষতিসাধন করায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ০৭/১০/২০২৪ তারিখের পত্রের নির্দেশনা অনুযায়ী, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার সোনাদিয়া দ্বীপে অবস্থিত সোনাদিয়া ইকো ট্যুরিজম পার্ক-এর অনুকূলে গত ২২/০২/২০২৩ তারিখের ২২.০২.০০০০.০১৮.৭২.০৮০.২০.৪৮ সংখ্যক স্মারকে জারীকৃত ইআইএ অনুমোদন বাতিলের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৮. **Chevron Bangladesh Block Twelve Ltd (Chevron Bangladesh).** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্যাস প্রসেসিং প্লান্ট): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত আবেদনের উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৯. **সাজিদ ওয়াশিং এন্ড ডাইং লিমিটেড; নিশাতনগর, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সিইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের পয়ঃবর্জ্য ও শিল্প তরল বর্জ্য একত্রে বিদ্যমান ৭০০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন সিইটিপিতে পরিশোধনের অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। এ ছাড়া আলোচ্য প্রকল্পের অনুকূলে জারীকৃত ছাড়পত্রের ১ ও ২ নম্বর শর্ত নিম্নবর্ণিতভাবে সংশোধনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক উদ্যোক্তাকে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

"১. এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১৮ টন ডেনিম ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

২. কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য এবং পয়ঃবর্জ্য একত্রে বিদ্যমান ৭০০ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন কমন তরল বর্জ্য পরিশোধনাগার (সিইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। সিইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় সিইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং) বন্ধ করতে হবে। সিইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।"

১০. **ঢাকা এভারগ্রীন রিটায়ারমেন্ট হোমস (প্রা:) লিমিটেড, জাঙ্গীর রুপগঞ্জ থানা রোড, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রিটায়ারমেন্ট হোমস/ রিসোর্ট): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন, বরিশাল বিভাগীয় কার্যালয়ের মতামত ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী "কমলা" (ক্রমিক নম্বর: ২৫) শ্রেণি হিসেবে পরিবেশ অধিদপ্তরের ঢাকা অঞ্চল কার্যালয়ের মাধ্যমে আলোচ্য প্রকল্পের পরিবেশগত ছাড়পত্রের আবেদনটি নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১১. **এসিআই এডিবল অয়েলস লিমিটেড (রি-প্যাকিং), ৬/৩, দেউলি, চৌরাপাড়া, বন্দর, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সয়াবিন, রাইস ব্রান অয়েল ও ব্লেন্ডিং অয়েল রি-প্যাকিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী 'হলুদ' শ্রেণি হিসেবে পরিবেশ অধিদপ্তরের নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের মাধ্যমে আলোচ্য কারখানার পরিবেশগত ছাড়পত্র নবায়নের আবেদন নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১২. **রয়েল উইভিং এন্ড কোটিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড, বান্টি, পাঁচরুখী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ওয়াটার প্রুফ কাপড় ও রেক্সিন প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী "কমলা" (ক্রমিক নম্বর: ৩৮) শ্রেণি হিসেবে পরিবেশ অধিদপ্তরের ঢাকা অঞ্চল কার্যালয়ের মাধ্যমে আলোচ্য প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র নবায়নের আবেদনটি নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১৩. **মাইশা এন্টারপ্রাইজ, বাসা নং- ১৮৮, রোড নং- ০৩/০২, মুলাটোল, কোতোয়ালী, রংপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্লাজ অয়েল প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে স্লাজ অয়েল ক্রয় করে স্লাজ কোন প্রকার প্রক্রিয়াকরণ ব্যতিত সরাসরি স্লাজ অয়েল ব্যবহারকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয়): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় আলোচ্য প্রকল্পটি পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং তফসিল-১৪ এ ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান বা নবায়নের কোনো অবকাশ নেই মর্মে সুপারিশ গৃহীত হয়। বিষয়টি রংপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

**নোট:**

সুপারিশকৃত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী উদ্যোক্তা কর্তৃক প্রযোজ্য ছাড়পত্র/ছাড়পত্র নবায়ন ফি ও ভ্যাট প্রদান নিশ্চিতপূর্বক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ইস্যু করতে হবে।

**মোঃ আবুল কালাম আজাদ**
উপপরিচালক (পরিবেশগত ছাড়পত্র)
ও
**সদস্যসচিব**

**নুর আলম**
পরিচালক (ঢাকা মহানগর)
ও
**সদস্য**

**রাজিনারা বেগম**
পরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা)
ও
**সদস্য**

**মোঃ আবুল কালাম আজাদ**
পরিচালক (ঢাকা অঞ্চল)
ও
**সদস্য**

**ফরিদ আহমেদ**
পরিচালক (ঢাকা গবেষণাগার)
ও
**সদস্য**

**মোঃ জিয়াউল হক**
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
**সদস্য**

**সৈয়দা মাছুমা খানম**
পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও গবেষণা)
ও
**সদস্য**

**মাসুদ ইকবাল মোঃ শামীম**
পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)
ও
**আহবায়ক**